

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৬৩৯

১২, কিতাবুস সিয়াম (کتاب الصوم)

পরিচ্ছেদঃ যেই হাদীস কোন কোন আলিমকে এই সংশয়ে ফেলে দেয় যে, হাদীসটি হয়তো পূর্বে বর্ণিত আয়িশা ও ইবনু মাসউদ রাদ্বিয়াল্লাহু আনহুমা বর্ণিত হাদীসের বিপরীত

ذِكْرُ خَبَرٍ قَدْ يُوهِمُ عَالِمًا مِنَ النَّاسِ أَنَّهُ مُضَادُّ لِخَبَرِ عَائِشَةَ وَابْنِ مَسْعُودٍ اللَّذَيْنِ ذكرناهما

আরবী

3639 ـ أَخْبَرَنَا عِمْرَانُ بْنُ مُوسَى بْنِ مُجَاشِعِ السَّخْتِيَانِيُّ بِجُرْجَانَ حَدَّثَنَا عُتْمَانُ بْنُ أَبِي شَيْبَةَ حَدَّثَنَا جَرِيرٌ عَنْ مَنْصُورٍ عَنْ إِبْرَاهِيمَ عَنْ عَلْقَمَةَ قَالَ: سَأَلْتُ أُمَّ الْمُؤْمِنِينَ عَائِشَةَ قُلْتُ: يَا أُمَّ الْمُؤْمِنِينَ كَيْفَ كَانَ عَمَل رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم كَانَ يَخُصُّ شَيْئًا مِنَ الْأَيَّامِ؟ قَالَتْ: لَا كَانَ عَمَلُهُ دِيمةً وَأَيُّكُمْ يَسْتَطِيعُ مَا كَانَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم كان صلى الله عليه وسلم يستطيع

الراوي: عَلْقَمَة | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3639 | خلاصة حكم المحدث: صحيح _ ((صحيح أبي داود)) (1240) ، ((مختصر الشمائل)) (264): ق.

বাংলা

৩৬৩৯. আলকামাহ রহিমাহুল্লাহ বলেন, "আমি আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহাকে জিজ্ঞেস করলাম, আমি বললাম, "হে উন্মুল মুমিনীন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের আমল কেমন ছিল? তিনি আমলের জন্য কোন দিনকে নির্দিষ্ট করে নিতেন?" জবাবে তিনি বলেন, "না, তাঁর আমল ছিল নিয়মিত। আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যা আমল করতেন, সেটা তোমাদের কে করতে পারবে?"[1]

ফুটনোট

[1] সহীহুল বুখারী: ৬৪৬৬; আবূ দাউদ: ১৩৭০; মুসনাদ আহমাদ: ৬/৪৩; সহীহ মুসলিম: ৭৮৩; আত তায়ালিসী: ১৩৯৮; সুনান বাইহাকী: ৪/২৯৯।



হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ১২৪০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আলকামাহ (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন